দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN 1 2 1999
পৃঃ 7 কলাম 2

# ইডেন কলেজে অনার্সে ভর্তি ও বিষয় পরিবর্তনের ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ

**স্টাফ রিপোর্টার ঃ** ইডেন বিশ্ববিদ্যালয় মহিলা কলেজে ভর্তি এবং বিষয় পরিবর্তনের ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এ দুর্নীতির সাথে সংশ্লিষ্ট বিভাগের কেরানী এবং নেপথ্যে কতিপয় শিক্ষক-শিক্ষিকার হাত রয়েছে বলে ধারণা করা হচ্ছে।

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

**ইডেন কলেজ** প্রথম পৃষ্ঠার পর

গতকাল (শুক্রবার) বেশ কয়েকজন ছাত্রী অভিযোগ করেছে যে, গত ২০ ফেব্রুয়ারী সম্মান (অনার্স) ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের পর ৭ মার্চ ফলাফল ঘোষণা করা হয়। অনেক মেয়েই তার পছন্দমত বিষয়ে ভর্তি হতে পারেনি। আবার পরীক্ষায় উত্তীর্ণ হয়নি এমন মেয়েকেও পছন্দমত বিষয়ে ভর্তি করা হয়েছে। আসন খালি থাকলে এক বিষয়ে ভর্তি হওয়া ছাত্রী ইচ্ছা করলে বদলে অন্য বিষয় নিতে পারে। কিন্তু সংশ্লিষ্ট বিভাগের কতিপয় কেরানী বিষয় পরিবর্তনের জন্য ১০ হাজার টাকা করে দাবী করছে। এতে ছাত্রীদের মধ্যে হতাশার সৃষ্টি হয়েছে। তাদের মতে সাড়ে ১৩শ' টাকা খরচ করে ভর্তি হওয়ার পর বিষয় পরিবর্তনের জন্য ১০ হাজার টাকা দেয়া আমাদের পক্ষে সম্ভব নয়।